দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

...00064

তারিখ 18 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 5

# চিকিৎসাশাস্ত্রে ৩ জন নোবেল পুরস্কার পেলেন

ষ্টকহোম, ১৭ই অক্টোবর (রয়টার)।—চিকিৎসাশাস্ত্রে গুরুত্বপূর্ণ অবদানের জন্য বৃটিশ চিকিৎসা বিজ্ঞানী স্যার জেমস বাল্ক এবং মার্কিন চিকিৎসা বিজ্ঞানী গেরট্রুড ইলিওনাড ও জর্জ হিচিংস যৌথভাবে ১৯৮৮ সালে চিকিৎসাশাস্ত্রে নোবেল পুরস্কার পেয়েছেন। সুইডেনের কারোলিনস্কা ইনষ্টিটিউট আজ এই পুরস্কারের কথা ঘোষণা করে।

ইনষ্টিটিউটের ঘোষণায় বলা হয়, হৃদরোগ নিরাময়ে ওষুধ আবিষ্কারে সাফল্যের জন্য লণ্ডনের কিংস কলেজ হাসপাতালের চিকিৎসা বিজ্ঞানী

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## নোবেল পুরস্কার

(১ম পাতার পর)

স্যার জেমস বাল্ককে (৬৪) এই পুরস্কার দেয়া হয়। ইলিয়ন (৭০ এবং হিচিংস (৮৩) সম্পর্কে বলা হয়: তারা ১৯৪৫ সাল থেকে যৌথভাবে উত্তর ক্যারোলিনায় গবেষণাগারে ক্যান্সার নিরাময়ে এমন ওষুধ উদ্ভাবনের গবেষণা করছেন যাতে স্বাভাবিক দেহকোষ ধ্বংস হবে না।

এ বছর এই পুরস্কারের পরিমাণ হচ্ছে ৪ লাখ ডলার।